উন্নত পদ্ধতিতে বরবটি চাষ

টিপস্ ও ফ্যাক্ট সীট

১.ফসলঃ বরবটি (String bean)

বরবটি বাংলাদেশের খরিপ মৌসুমের একটি জনপ্রিয় সবজি। ইহার কচি, অপক্ক ও পরিপক্ক বীজে অনেক পুষ্টি উপাদান আছে। এছাড়াও এতে আমিষ, শ্বেতসার, স্নেহ, বিভিন্ন ভিটামিন ও খনিজ পদার্থ পাওয়া যায়।

২. উন্নত জাত সমূহঃ

জাতের নাম	কোম্পানীর নাম	বীজ বপনের সময়
BARI বরবটি-১	BARI	মার্চ-আগষ্ট
কগরনাটকী	BADC	মার্চ-আগষ্ট
কেগর নাটকী	ব্র্যাক সীড	--
কেগর নাটকী (উফসী)	কৃষিবিদ গ্রুপ সীড	--
গ্রীনফিল্ড, সাদা সুন্দরী (HYV)	নামধারী সীড	--
কেগর নাটকী/ সবুজসাথী, তাইওয়ান ৯০২ (সাদাবীজ), ৯০৫ তাইওয়ান; ২০১ তাইওয়ান (লালবীজ), ২০২ চায়না (লাল)	পাশাপাশি সীড কো:	--
গ্রীন লং	এনার্জী সীড	বপনের সময় ফেব্রুয়ারী-সেপ্টেম্বর

৩. উপযোগী জমি ও মাটিঃ

দোআঁশ ও বেলে দোআঁশ মাটি বরবটি চাষের জন্য উপযোগী।

৪. বীজঃ

- ভালো বীজ নির্বাচনঃ সাধারনত নিম্নোক্ত বৈশিষ্ট্যগুলো ভালো বীজ নির্বাচনে সহায়ক
  - ✓ রোগমুক্ত, পরিষ্কার, পরিপুষ্ট ও চিটামুক্ত হতে হবে।
  - ✓ সকল বীজের আকার আকৃতি একই ধরনের হবে।
- বীজের হারঃ প্রতি শতকে ১০০-১২৫ গ্রাম। তবে উচ্চ ফলনশীল জাতের ক্ষেত্রে বীজের প্যাকেটের গায়ে লেখা নির্দেশিকা অনুসরন করতে হবে।
- বীজ শোধনঃ ভিটাভেক্স ২০০ / টিলথ অনুমোদিত মাত্রায় ব্যবহার করে বীজ শোধন করা যায়।

৫. জমি তৈরীঃ

- **জমি চাষঃ** ৪ - ৫ টি চাষ ও মই দিয়ে ভালভাবে জমি তৈরি করতে হয়।

Prepared by Md. Nurul Alam Siddique, email: siddique@biid.org.bd , February, 2014.
Last updated: July, 2014
Source: BARI Handbook, 2011.

৬. বপন ও রোপন এর পদ্ধতিঃ

০ বপন ও রোপন এর সময়ঃ বছরের যে কোনো সময় চাষ করা সম্ভব। মার্চ থেকে আগস্ট মাস পর্যন্ত বীজ বপন করা যেতে পারে। তবে বর্ষার শুরু থেকে শীতের শেষ পর্যন্ত বেশি পরিমাণে বরবটির ফলন হয়। উচ্চ ফলনশীল জাতের ক্ষেত্রে বীজের প্যাকেটের গায়ে লেখা নির্দেশিকা অনুসরন করতে হবে।

০ রোপনঃ ২ মিটার দূরত্বে সারি করে ১০-১২ ইঞ্চি দূরে দূরে বীজ বুনতে হয়। জাত হিসেবে সারির দূরত্ব ১ মিটার বাড়ানো বা কমানো যায়।

৭. সার ব্যবস্থাপনাঃ

সার	মোট পরিমাণ	শেষ চাষের সময় প্রয়োগ	বপনের/রোপণের ৪-৫ দিন পূর্বে মাদায় প্রয়োগ	বপনের ৩০ দিন পর উপরি প্রয়োগ
গোবর	৬০ কেজি	সব	-	-
ইউরিয়া	২০০ গ্রাম	-	১০০ গ্রাম	১০০ গ্রাম
টিএসপি	৬০০ গ্রাম	সব	-	-
এমপি	৬০০ গ্রাম	৩০০ গ্রাম	১৫০ গ্রাম	১৫০ গ্রাম
জিপসাম	৪০০ গ্রাম	সব	-	-
জিংক সালফেট	৫০ গ্রাম	সব	-	-
বোরাক্স	৪০ গ্রাম	সব	-	-

৮. আগাছা দমনঃ

- সময়ঃ সব সময় আগাছা মুক্ত রাখতে হবে।

৯. সেচ ব্যবস্থাঃ

- সেচের সময়ঃ জমিতে পানির যাতে অভাব না হয় সে জন্য প্রয়োজন অনুসারে সবসময় সেচ দিতে হবে।
- নিষ্কাশনঃ সুনিষ্কাশনের ব্যাবস্থা থাকতে হবে।

১০. রোগ ও পোকামাকড় দমনঃ

রোগ/পোকামাকড়ের নাম ও লক্ষণ/ক্ষতির ধরন	প্রতিকার	বালাইনাশকের উৎস
রোগের নাম- পাউডারী মিল্ডিউ লক্ষণ- পাতার উভয় পাশে প্রথমে সাদা সাদা পাউডারের মত দাগ দেখা যায়। ধীরে ধীরে দাগগুলো বড় ও বাদামী হয়ে শুকিয়ে যায়। আক্রান্ত লতা ধীরে ধীরে শুকিয়ে যায়, ফল ঝরে পড়ে এমনকি সম্পূর্ণ গাছ মরে যায়।	১. জমির আশে পাশে কুমড়া জাতীয় অন্য যে কোন রকমের সবজি চাষ থেকে বিরত থাকা। ২. আক্রান্ত পাতা ও গাছ সংগ্রহ করে পুড়িয়ে ফেলা। ৩. থিয়োভিট ৮০ ডবি- উজি- প্রতি ১০ লিটার পানিতে ৫০ গ্রাম থিয়োভিট মিশিয়ে ৫ শতাংশ জমিতে ১৫ দিন পর পর স্প্রে করুন।	সিনজেনটা
	এমকোজিম ৫০ ডবলিউপি ৭০-৭৫ এম.এল / বিঘতে(৩৩ শতাংশ) ভালোভাবে স্প্রে করতে হবে।	এ সি আই
	হেকোনাজল ৫ ই সি ২০০ মি লি প্রতি একরে (১ মিলি/ ১ লিটার পানিতে) স্প্রে করতে হবে।	পদ্মাওয়েল কো. লি.
রোগের নাম- মোজাইক লক্ষণ- কচি চারার বীজপত্র হলুদ হয় এবং চারা নেতিয়ে পড়ে। কচি ডগা জটলার মত দেখায়। আক্রান্ত পাতা ছোট, বিবর্ণ, বিকৃত ও নীচের দিকে কুঁকড়ানো হয় এবং শিরা-উপশিরাও হলুদ হয়ে যায়। 	১. আক্রান্ত গাছ তুলে ধ্বংস করতে হবে। ২. ক্ষেত আগাছা মুক্ত রাখতে হবে। ৩. বাহক পোকা সাদা মাছি দমন করতে হবে (একতরা ২৫ ডবি- উজি- ২.৫ গ্রাম একতারা প্রতি ১০ লিটার পানিতে মিশিয়ে ভালভাবে গাছ ভিজিয়ে স্প্রে করতে হবে)	সিনজেনটা
রোগের নাম- ডাউনি মিল্ডিউ লক্ষণ- এর জন্য গাছের পাতা ধূসর হয়ে যায়। পাতায় সাদা পাউডার দেখা যায়।	১. থিয়োভিট ৮০ ডবি- উজি- প্রতি ১০ লিটার পানিতে ৫০ গ্রাম থিয়োভিট মিশিয়ে ৫ শতাংশ জমিতে ১৫ দিন পর পর স্প্রে করুন।	সিনজেনটা
পোকার নাম- জাব পোকা ক্ষতির ধরন- পূণবয়স্ক ও নিম্ফ উভয়েই পাতা, কচি কান্ড, ফুল ও ফলের কুঁড়ি, বোঁটা এবং ফলের কচি অংশের রস চুষে খায়। ফলে গাছ প্রথমে দুর্বল ও পরে হলুদ হয়ে যায়।গাছে ফুল ও ফল অবস্থায় আক্রমণ হলে ফুলের কুঁড়ি ও কচি ফল ঝরে পড়ে। আক্রমণের মাত্রা বেশি হলে কচি ডগা মরে যায়। 	১. আক্রান্ত পাতা, ডগা, ফুল পোকাসহ সংগ্রহ করে ধ্বংস করা। ২. একতারা ২৫ ডবি- উজি- আক্রমণের তীব্রতা বেশি হলে ২.৫ গ্রাম একতারা প্রতি ১০ লিটার পানিতে মিশিয়ে ভালভাব গাছ ভিজিয়ে স্প্রে করতে হবে। ৩. পে- নাম ৫০ ডবি- উজি- আক্রমণের তীব্রতা বেশি হলে প্রতি লিটার পানিতে ১ গ্রাম হারে পে- নাম মিশিয়ে ভালভাবে গাছ ভিজিয়ে স্প্রে করতে হবে।	সিনজেনটা
	টিডো ২০ এস.এল-১০০-১০৫ এম এল / একর জমিতে ভালোভাবে স্প্রে করতে হবে।	এ সি আই

উন্নত পদ্ধতিতে বরবটি চাষ

টিপস্ ও ফ্যাক্ট সীট

১১. বিশেষ পরিচর্যাঃ

চারা বড় হলে মাচা বা বাউনি দিতে হবে।

১২. ফসল কাটাঃ

- **সময়ঃ** বীজ বোনার ৫০-৬০ দিন পর থেকেই বরবটি সংগ্রহ করা যায়।

১৩. পরিবহণ ব্যবস্থাঃ

- **পরিবহণ পদ্ধতিঃ** ছটো-ছটো আটি বেঁধে পরিবহন করা ভালো।

১৪. প্যাকেজিং:

- **প্যাকেজিং পদ্ধতিঃ** প্যাকেজিং এর জন্য কলা পাতা, ফুড রেপিং পেপার, পেরফোরেটেড পেপার, ঝুড়ি, খাঁচা, প্লাস্টিক কেস, ব্যবহার করা জেতে পারে।

১৫. সংরক্ষণ পদ্ধতিঃ

- **স্বল্প পরিসরেঃ** ৩-৪ দিন সংরক্ষণ করা যায়।

১৬. বাজারজাত ব্যবস্থাঃ

- **বাজার ব্যবস্থাঃ** পার্শবর্তী কোনো হাট-বাজারে বিক্রয় করতে পারেন।

এস এম এস এর মাধ্যমে কৃষি সমস্যার সমাধান পেতে Sub লিখে এসএমএস করুন ১৬২৫০ নম্বরে
আরো বিস্তারিত জানতে কল করুন ০১৭৪৬৭৭৪২৮১ নম্বরে
ভিজিট করুন www.ekrishok.comওয়েবসাইটে

Prepared by Md. Nurul Alam Siddique, email: siddique@biid.org.bd , February, 2014.

Last updated: July, 2014

Source: BARI Handbook, 2011.